

একই তারিখ ও স্মারকের সংশোধিত কপি

"প্রতিদিন একবার হলেও আপনার প্রতিষ্ঠানের ই-মেইল এবং বাকাশিবো এর ওয়েব সাইট ভিজিট করুন"

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (টেক্সটাইল শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
web site : www.bteb.gov. bd

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

স্মারক নং বাকাশিবো/পঃ/টেক্সটাইল/২০১৭/৪৮

তারিখ : ০৫-০৪-২০১৭ খ্রিঃ


বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২০১০ প্রবিধানভুক্ত ৫ম, ৬ষ্ঠ ও ৮ম পর্ব নিয়মিত এবং ৪র্থ ও ৭ম পর্বের অকৃতকার্য বিষয়ের পরীক্ষা-২০১৭ বিগত ০২-০১-২০১৭ তারিখে শুরু হয়ে ১৬টি কার্য দিবসে তৃতীয় পরীক্ষা ও ৮ কার্যদিবসে ব্যবহারিক পরীক্ষা গ্রহণসহ ০১ ফেব্রুয়ারী ২০১৭ পরীক্ষা শেষ হয়। ২য় বারের মত পরীক্ষা গ্রহণ শেষে ৬০তম দিবসে অর্থাৎ ০৩-০৪-২০১৭খ্রিঃ তারিখে পরীক্ষা পরিষদের সুপারিশ মোতাবেক বোর্ডের অনুমোদনক্রমে ফলাফল এতদ্বারা প্রকাশ করা হলো। প্রকাশিত ফলাফলে কোন প্রকার অসংগতি বা অনভিপ্রেতঃ ভুলত্রুটি পরবর্তীতে পরিলক্ষিত হলে তা পরিবর্তন, সংশোধন ও বাতিল করার পূর্ণ ক্ষমতা বোর্ড কর্তৃক সংরক্ষিত।

উল্লেখ্য যে, প্রকাশিত স্থগিত ফলাফল ক্ষেত্রে কোন আপত্তি থাকলে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে আগামী ১৮ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে প্রয়োজনীয় সত্যায়িত কাগজপত্রাদির সফটকপি textile.bteb@gmail.com ই-মেইলের ঠিকানায় এবং হার্ড কপি ডাকযোগে পাঠাতে হবে। স্থগিতকৃত ফলাফল আবেদনের সাথে প্রবেশপত্র, হাজিরাসিট ও শিরোনাম পত্রের ফটোকপি জমা দিতে হবে।

উত্তরপত্র পুনঃনিরীক্ষণের নির্ধারিত বিষয় ভিত্তিক ফি প্রদান করতঃ, যে সকল পরীক্ষার্থীদের ফলাফলে (বিষয়/পর্বের) সংশোধনের জন্য অনলাইন (Online) আবেদন করবে তাদের সংশ্লিষ্ট ১ম, ২য় ও ৩য় পর্বের জিপিএ (৮ম পর্বের ক্ষেত্রে প্রযোজ্য) হাজিরাসিট, শিরোনাম ও প্রবেশপত্র, টিসি/পিসি/পিএফ নম্বর ও প্রকাশিত ফলাফলের হার্পকপি সত্যায়নসহ প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে অবশ্যই আগামী ১৮ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট তথ্যদি প্রতিষ্ঠান প্রধানের সত্যায়নসহ ডাকযোগে অথবা স্বহস্তে জমা দেওয়া যাবে। নির্ধারিত সময়ের পরে এ ধরনের কোন আবেদন বিবেচনা করা হবে না।

অন-লাইনে উত্তরপত্র উত্তরপত্র পুনঃনিরীক্ষণের ক্ষেত্রে একই প্রতিষ্ঠানের একাধিক আবেদনকারী একটি মাত্র একটি ডিডি মাধ্যমে আবেদন করতে পারবে অথবা এককভাবে আবেদন করতে পারবে তবে সকল প্রার্থীর ক্ষেত্রে অন-লাইনে আবেদনের ডিডির নম্বর ও তারিখ উল্লেখ করতে হবে। উল্লেখ্য যারা পুনঃনিরীক্ষণের ইতিমধ্যে জন্য আবেদন করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই। অন-লাইনে প্রবেশের সময় Web page এ নিচে নির্দেশনাটি পড়ে নিতে হবে।


(প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড
ফোন : ০২-৯১১৩২৮৩